# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

গণভোট ২০২৬ সংসদ নির্বাচন দেশের চাবি আপনার হাতে

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০২১.২৪-১৯

তারিখঃ ২৬/১০/১৪৩২ বঙ্গাঃ
০৯/০২/২০২৬ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ বেলাল হোসাইন, সার্ভেয়ার (প্রকৌশল), ময়মনসিংহ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ এর জন্মসনদ, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয়পত্র, শিক্ষাগত সনদসহ সকল কাগজপত্রে পিতার নাম মোঃ আবুল কালাম আজাদ উল্লেখ থাকলেও তাঁর জন্মদাতা পিতা জনাব মোঃ গফুর মন্ডল মর্মে প্রাথমিক তদন্তে উদঘাটিত হয়েছে। উক্ত কর্মচারী চাচা মুক্তিযোদ্ধা জনাব মোঃ আবুল কালাম আজাদ এর সন্তান পরিচয়ে তাঁর মুক্তিযোদ্ধা সনদ ব্যবহার করে জালিয়াতির আশ্রয় নেওয়ার মাধ্যমে বাপাউবো'তে সার্ভেয়ার (প্রকৌশল) পদে চাকরি গ্রহণ করেছেন। মুক্তিযোদ্ধা সনদ ব্যবহারে জালিয়াতির আশ্রয় নেওয়ার মাধ্যমে উক্ত কর্মচারী তার চাকুরীর নিয়োগপত্রের শর্তবলীর ক্রমিক-২ (জ) এ উল্লিখিত শর্ত ভঙ্গ করেছেন। তার উপরোক্ত কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (খ) ও (চ) মোতাবেক অসদাচরণ ও প্রতারনার শামিল এবং প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। বর্ণিত প্রেক্ষাপটে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৫ (১) অনুযায়ী জনাব মোঃ বেলাল হোসাইন, সার্ভেয়ার (প্রকৌশল), ময়মনসিংহ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ-কে বাপাউবো'র চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৫৫(৪) মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্ত হবেন।

৩। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

9.2.2025

(মোঃ আতিকুর রহমান)
পরিচালক
শৃঙ্খলা পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.০০২১.২৪-১৯(১০)

তারিখঃ ২৬/১০/১৪৩২ বঙ্গাঃ
০৯/০২/২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১. প্রধান প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
২. পরিচালক, কর্মচারী/হিসাব রক্ষণ/অর্থ/অডিট পরিদপ্তর বাপাউবো, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৪. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ময়মনসিংহ পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ময়মনসিংহ।
৭. নির্বাহী প্রকৌশলী (পুর), ময়মনসিংহ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ।
৮. উপ-পরিচালক (অহিনি)/সহকারী পরিচালক (অহিনি), ময়মনসিংহ আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ময়মনসিংহ।
৯. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/ পূর্ব রিজিওন), বাপাউবো, ঢাকা।
১০. জনাব মোঃ বেলাল হোসাইন, সার্ভেয়ার (প্রকৌশল), ময়মনসিংহ পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, ময়মনসিংহ।

৯.২.২৬

(মোঃ শামীম হোসেন)
উপপরিচালক

E/Eva/orders-1/Mymensing P-6